নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website: www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
E-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৫/২৩৭০ ১৫ ডিসেম্বর ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# ক্যাশলেস ক্যাম্পাস: নোবিপ্রবির সঙ্গে ইউসিবি ও উপায়-এর সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (নোবিপ্রবি) ক্যাশলেস ক্যাম্পাস হিসেবে গড়ে তুলতে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি) এবং উপায় এর সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (১৫ ডিসেম্বর ২০২৫) রাজধানীর গুলশানে ব্যাংকটির কর্পোরেট অফিসে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (এমডি ও সিইও) জনাব মোহাম্মদ মামদুদুর রশীদ, নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, ইউসিবির সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও চিফ কমিউনিকেশন অফিসার জনাব জিশান কিংশুক হক ও কুমিল্লা-নোয়াখালী অঞ্চলের আঞ্চলিক প্রধান জনাব মোহাম্মদ শফিকুল ইসলামসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সমঝোতা স্মারকে নোবিপ্রবির পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ও ইউসিবির পক্ষে স্বাক্ষর করেন ব্যাংকের এসইভিপি ও ট্রানজেকশন ব্যাংকিং প্রধান জনাব শাহবাজ তালাত, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও রিটেইল বিজনেস ডিভিশন প্রধান জনাব মোহাম্মদ শফিকুর রহমান এবং ইউসিবি ফিনটেক কোম্পানি লিঃ এর চিফ বিজনেস অফিসার জনাব মো. মাহবুব সোহান।

প্রসঙ্গত, এই চুক্তির সহযোগিতার পরিধির মধ্যে রয়েছে, ডিজিটাল টিউশন ও ফি সংগ্রহ, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জন্য পে-রোল ব্যাংকিং সেবা এবং ইউসিবির ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্ল্যাটফর্ম ও উপায়-এর মাধ্যমে কালেকশন সল্যুশন। থাকছে নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য ডিজিটাল কিউআর বেইজড পেমেন্ট, ইএমএস ইন্টিগ্রেটেড সফট্ওয়্যার ব্যবস্থা, কার্ড ও কিউআর পেমেন্ট চালুসহ সকল ইন্টারনেট ব্যাংকিংয়ের সুবিধা। এসব উদ্যোগ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের জন্য আর্থিক অন্তর্ভূক্তি নিশ্চিত করার পাশাপাশি কার্যক্রমের দক্ষতা ও তহবিল ব্যবস্থাপনাকে আরও সহজ করবে। এর মাধ্যমে নোবিপ্রবিকে একটি পূর্ণাঙ্গ ক্যাশলেস ক্যাম্পাস ও ডিজিটালি সক্ষম বিশ্ববিদ্যালয়ে রুপান্তর এবং স্বচ্ছ, নিরাপদ ও স্বয়ংক্রিয় আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা হবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪